অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো SUNY আপস্টেট মেডিকেলের ডঃ স্টিফেন টমাসের প্রশংসা করেছেন, যিনি বিশ্বব্যাপী ফাইজার টিকা ট্রায়ালের প্রধান তদন্তকারী নিযুক্ত হয়েছেন

SUNY আপস্টেট মেডিকেল বৈশ্বিক ফেজ থ্রি টিকা ট্রায়াল লোকেশনের একটি হিসেবে কাজ করে

এই শরতে আপস্টেট থেকে দ্বিতীয় প্রধান COVID-19 সম্পর্কিত গবেষণার ঘোষণা

এই মাসের শেষের দিকে নিয়ন্ত্রক সংস্থার কাছে জমা দেওয়ার জন্য টিকার ট্রায়াল ডেটা প্রস্তুত করার সময় ডঃ টমাস ফাইজার/বায়োএনটেককে সমর্থন করবেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) মেডিকেলের ডঃ স্টিফেন টমাসকে বিশ্বব্যাপী ফাইজার/বায়োএনটেক টিকা পরীক্ষার প্রধান তদন্তকারী হিসেবে নিযুক্ত করা হয়েছে, যা COVID-19 প্রতিরোধে 90 শতাংশেরও বেশি কার্যকারিতা দেখাচ্ছে। SUNY মেডিকেল স্কুল বিশ্বব্যাপী তৃতীয় পর্যায়ের টিকা পরীক্ষার স্থান হিসেবে কাজ করে।

"নিউ ইয়র্কের চিকিৎসা বিশেষজ্ঞরা সেরা এবং এই মহামারীর শুরু থেকে, আমরা তাদের বিশাল জ্ঞান এবং দক্ষতার উপর নির্ভর করেছি আমাদের প্রতিক্রিয়া জানানোর জন্য। আমি খুশি যে ফাইজার ও একই কাজ করছে," **গভর্নর কুওমো বলেছেন।** "এটা একটা দারুণ খবর যে ফাইজার/বায়োএনটেক তার টিকা পরীক্ষার ইতিবাচক ফলাফল দেখছে, এবং আমি গর্বিত যে নিউ ইয়র্কের অন্যতম সংক্রামক রোগ বিশেষজ্ঞকে বিশ্বব্যাপী টিকা পরীক্ষার নেতৃত্ব দেবার জন্য নির্বাচিত করা হয়েছে। নিউ ইয়র্কের পরিবারের পক্ষ থেকে আমি ডঃ টমাসকে ধন্যবাদ জানাতে চাই এই অদৃশ্য শত্রুর বিরুদ্ধে তার কাজের জন্য।"

প্রধান তদন্তকারী হিসেবে, আপস্টেটের সংক্রামক রোগের প্রধান ডঃ টমাস ফাইজার এবং বায়োএনটেককে সমর্থন করবেন যখন তারা যুক্তরাষ্ট্রের খাদ্য ও ঔষধ প্রশাসনসহ (Food and Drug Administration, FDA) নিয়ন্ত্রক সংস্থাগুলোর কাছে টিকা পরীক্ষার তথ্য প্রস্তুত করবেন, যা এই মাসের শেষের দিকে ঘটবে বলে আশা করা হচ্ছে।

SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস বলেছেন। "এটি FDA এই ভাইরাসের জন্য পুল করা নজরদারি পরীক্ষার পর আপস্টেট মেডিকেল থেকে আসা দ্বিতীয় প্রধান COVID-19 সম্পর্কিত গবেষণা সংবাদ, এবং এটি আমাদের সমাজের উপর প্রভাব বিস্তারকারী প্রধান সমস্যা সমাধানের জন্য SUNY-এর

অভ্যন্তরে দক্ষতার কথা স্মরণ করিয়ে দেয়। মাস্ক পরা এবং সামাজিকভাবে দূরে থাকা থেকে শুরু করে, আমাদের বেশীরভাগ শিক্ষার্থীর মত এই মহামারী মোকাবেলায় আমাদের প্রত্যেকেরই ভূমিকা আছে; ছাত্র, শিক্ষক এবং কর্মচারীদের সুরক্ষার জন্য তথ্য এবং বিজ্ঞানের উপর ভিত্তি করে আমাদের ক্যাম্পাস সজ্জিত করা; PPE উৎপাদন; এবং গবেষণা ক্ষমতা বৃদ্ধি করা। ডঃ টমাস, ডঃ ফ্র্যাঙ্ক মিডলটন, SUNY-এর আরও অনেকের মধ্যে চিকিৎসা উদ্ভাবনের প্রথম সারিতে আছেন, এবং তারা আমাদের শিক্ষার্থী এবং তাদের সমবয়সীদের অনুপ্রেরণা হিসেবে কাজ করে।"

SUNY আপস্টেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সভাপতি ড. মনতোষ দেওয়ান বলেন, "COVID-19 টিকা প্রার্থীর জন্য ফাইজার/বায়োএনটেক গ্লোবাল ফেজ থ্রি ক্লিনিক্যাল ট্রায়ালের প্রধান তদন্তকারী হিসেবে ডঃ স্টিফেন টমাসের আন্তর্জাতিক নেতৃত্বের ভূমিকা আমাদের সবার জন্য গর্বের বিষয়। কিভাবে আমরা এই মহামারীর উপর বিজয়ী হতে পারি তার এই টিকা পরীক্ষা উপর তিনি এবং তার সহকর্মীদের কাজ সারা বিশ্বে একটি নাটকীয় প্রভাব ফেলছে।"

SUNY আপস্টেট মেডিকেল চিফ অফ ইনফেকশাস ডিজিজ ডঃ স্টিফেন টমাস বলেন, "আপস্টেট দল ফাইজার এবং তাদের সহযোগীদের সমর্থন করার জন্য অবিশ্বাস্যভাবে কঠোর পরিশ্রম করেছে, কারণ আমরা সবাই এই মহামারী থামানোর উপায় খোঁজার চেষ্টা করছি। আমাদের CNY সম্প্রদায়ের সমর্থনের সাথে এই কঠোর পরিশ্রম COVID টিকা উন্নয়নে মহান অবদানকারী হিসেবে কাজ করেছে।"

বিশ্বব্যাপী তৃতীয় পর্যায়ের টিকা ট্রায়াল সাইটের একটি হিসেবে, SUNY আপস্টেট মেডিকেল এই পরীক্ষায় 300 জনেরও বেশী প্রাপ্তবয়স্ক স্বেচ্ছাসেবককে তালিকাভুক্ত করেছে। তরুণ স্বেচ্ছাসেবকদের মধ্যে টিকা প্রার্থীর গবেষণা শীঘ্রই শুরু হবে, যেখানে আপস্টেট মেডিকেলকে কয়েকটি সাইটের একটি হিসেবে পুনরায় নির্বাচিত করা হচ্ছে।

আজকের ঘোষণা COVID-19 সম্পর্কিত গবেষণা নিয়ে SUNY আপস্টেট মেডিকেলের জন্য দ্বিতীয়। আপস্টেট, ডঃ ফ্র্যাঙ্ক মিডলটনের নেতৃত্বে, এবং কোয়াড্রেন্ট বায়োসায়েন্সেস তাদের পুল করা নজরদারি পরীক্ষা এবং ব্যক্তিগত লালা সোয়াব পরীক্ষার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (Department of Health, DOH) এবং FDA এর অনুমোদন পেয়েছে। ব্যক্তিগত এবং পুল পরীক্ষাগুলি কোন ব্যক্তির নাকে প্রবেশ করা সোয়াবের পরিবর্তে লালা সোয়াব ব্যবহার করে করা যেতে পারে।

ব্যক্তিরা নিজেরাই পরীক্ষা পরিচালনা করে, তাদের মুখ সোয়াব করে, এবং লালার নমুনা প্রদান করে, যা SUNY আপস্টেট মেডিকেলে পাঠানো হয়। তাদের নমুনা একত্রিত করা হয় এবং COVID-19 ভাইরাসের জন্য পরীক্ষা করা হয়। একটি নেতিবাচক পরীক্ষা মানে এই গ্রুপের 10-25 জন লোককে করোনাভাইরাস মুক্ত বলে ধারণা করা হয়। পুলের জন্য একটি ইতিবাচক পরীক্ষা মানে পুলের মধ্যে প্রতিটি লালা নমুনা সঠিক ইতিবাচক কেস চিহ্নিত করার জন্য পৃথকভাবে পরীক্ষা করতে হবে। দ্রুত পুনঃপরীক্ষার জন্য ইতিবাচক পুলের মানুষদের একটি সম্পূর্ণ নতুন নমুনা জমা

দিতে ফিরে আসার প্রয়োজন হয় না। এটি প্রক্রিয়াকে ব্যাপকভাবে ত্বরান্বিত করে এবং পরীক্ষা ক্ষমতা প্রসারিত করে।

আপস্টেট মেডিকেলের লালা পরীক্ষা SUNY কে প্রতি সপ্তাহে 200,000 COVID পরীক্ষা প্রক্রিয়া করার অনুমতি দেয়। এখন পর্যন্ত, SUNY 0.47 শতাংশ ইতিবাচক হার সহ ক্যাম্পাসে 378,488 COVIV-19 পরীক্ষা পরিচালনা করেছে।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে
SUNY হল যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা, এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY'র 64টি কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের যে কোনও একটির 30 মাইলের মধ্যে বাস করে। সিস্টেম জুড়ে, SUNY চারটি একাডেমিক স্বাস্থ্য কেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুটি ডেন্টাল স্কুল, রাজ্যের একমাত্র অপটোমেট্রি কলেজ, এবং একটি ইউএস ডিপার্টমেন্ট অফ এনার্জি ন্যাশনাল ল্যাবরেটরি (US Department of Energy National Laboratory) পরিচালনা করে। 2019 সালের শরতে 415,500 এরও বেশি শিক্ষার্থী একটি SUNY ক্যাম্পাসের ডিগ্রি প্রোগ্রামে নাম লেখেন। সামগ্রিকভাবে, SUNY প্রায় 1.3 মিলিয়ন শিক্ষার্থীকে ক্রেডিট-বিয়ারিং কোর্স এবং প্রোগ্রাম, অব্যাহত শিক্ষা এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামে প্রশিক্ষণ দেয়। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। শিক্ষার্থী ও অনুষদের গুরুত্বপূর্ণ অবদান সহ, 2019 অর্থবছরে গবেষণা ব্যয়ের ব্যবস্থা 1.7 বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়েছে। বিশ্বব্যাপী 3 মিলিয়ন SUNYর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন, এবং কলেজের ডিগ্রী সহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNYর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu এ যান।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন